# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**13 MARCH 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

১) প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে আগামী ১৯ শে মার্চ রাজ্য সরকারের ৩ লক্ষ ৮০ হাজার হিতাধীকারীকে প্রথম কিস্তির অর্থ হস্তান্তর।

২) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের আগামীকাল থেকে তিন দিনের আসাম ও মিজোরাম সফর।

৩) আগামী তিন মাসের মধ্যে শিলচরে উড়ালপুল নির্মাণের প্রারম্ভিক কাজ শুরু হবে বলে রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাইয়ের প্রকাশ।

এবং

৪) সামাজিক - সাংস্কৃতিক সংস্থা রূপমের ৪৪ তম নরেশচন্দ্র পাল স্মৃতি বাংলা একাংক নাটক প্রতিযোগিতা আগামী ১৬ মার্চ থেকে শিলচরে শুরু।

---

রাজ্য সরকার আগামী ২৯ মার্চ প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে ৩ লক্ষ ৮০ হাজার হিতাধিকারীকে গৃহ নির্মানের জন্য প্রথম কিস্তির অর্থ ব্যাঙ্ক একাউন্টের মাধ্যমে হস্তান্তর করবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ একটি সাংবাদিক সম্মেলনে এ কথা জানিয়ে বলেন যে কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান তার সাম্প্রতিক আসাম

সফরের সময় চলতি বছরে রাজ্যে ৩ লক্ষ ৬০ হাজার নতুন আবাস গৃহ নির্মান কার্যে মঞ্জুরী প্রদানের কথা ঘোষণা করেছিলেন । এই প্রকল্পের জন্য পূর্বের নির্ধারিত ৭ লক্ষ ৬০ হাজার হিতাধিকারীর নামের তালিকা রয়েছে বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে এর পরবর্তী সময়ে আগামী এপ্রিল-মে মাসে আরো ৩ লক্ষ ৮০ হাজার হিতাধিকারীকে এই প্রকল্পের অর্থ প্রদান করার ব্যবস্থা করা হবে । ফলে , রাজ্যে প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে ৩০ লক্ষ হিতাধিকারীকে আবাস গৃহ প্রদানের লক্ষ্য পূর্ণ হবে । এই প্রকল্পের অধীনে এ পর্যন্ত ২২ লক্ষ হিতাধিকারী আবাস গৃহ লাভ করেছেন বলে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান ।

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ ৩ দিনের সফরসূচি নিয়ে আগামীকাল আসাম আসছেন । আসাম সফরে এসে শ্রী শাহ নিখিল বড়ো ছাত্র সংস্থা (আবসু)-র বার্ষিক সম্মেলন সহ বেশ কয়েকটি অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । তিনি আগামী শনিবার দেরগাওয়ে লাচিত বরফুকন পুলিশ একাডেমীর নবনির্মীত ভবণের উদ্বোধন করবেন । এর পর তিনি দেরগাও থেকে মিজোরাম যাবেন । মিজোরামে গিয়ে তিনি দেশের সব চেয়ে পুরণো আধা-সামরিক বাহিনী আসাম রাইফেলসের মূল ঘাটি আইজল থেকে ১৫ কিলোমিটার দূর জোখাওসংলৈ-এ স্থানান্তরিত করার অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন । গত বছর ২৩ অক্টোবর নতুন দিল্লীতে মিজোরাম সরকার এবং আসাম রাইফেলসের মধ্যে বাহিনীর ঘাটি আইজল থেকে জোখাওসংলৈ-এ স্থানান্তরিত করার জন্য চুক্তি সম্পাদিত হয়েছিল ।

এরপর, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী মিজোরাম থেকে গৌহাটিতে ফিরে যাবেন। শ্রী শাহ ১৬ মার্চ কোকরাঝারের দোতমাতে অনুষ্ঠেয় আবসুর অধিবেশনে অংশ গ্রহণ করবেন এবং উত্তর-পূর্বাঞ্চলে নতুন ফৌজদারী ৩টি আইনের রূপায়ন সম্পর্কে গৌহাটিতে আয়োজিত একটি পর্যালোচনা বৈঠকে মিলিত হবেন । এই অনুষ্ঠানে যোগদান করার পর তিনি নতুন দিল্লী অভিমুখে ফিরে যাবেন ।

---

কেন্দ্রীয় আয়ুষ প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব আগামী ২১ জুন সমগ্র বিশ্বে পালন করা একাদশ আর্ন্তজাতিক যোগ দিবসের ১০০ দিনের গণনার অংশ হিসেবে আজ নতুন দিল্লীতে যোগ মহোৎসব - ২০২৫ এর সূচনা করেন । এই উপলক্ষে তিনি আগামী ১শো দিনের মধ্যে দেশের বিভিন্ন অংশে ১০টি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হবে বলে ঘোষণা করেন । এই অনুষ্ঠানের অংশ হিসেবে ১০টি সহযোগী রাষ্ট্রের সঙ্গে যোগ বন্ধন শীর্ষক যোগ বিনিময় কার্যসূচি রূপায়ন করা হবে বলে তিনি জানান । শ্রী যাদব

দেশের ১০ হাজার স্থানে আর্ন্তজাতিক যোগ দিবসের সঙ্গে সঙ্গতি রেখে যোগ সঙ্গম কার্যসূচির আয়োজন করা হয়েছে বলেও ঘোষণা করেন ।

------------------------------------------------------------------------------------------------

সারা আসাম পলিটেকনিক প্রতিষ্ঠাপক প্রবক্তা সংস্থা রাজ্যের বিভিন্ন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত অংশকালীন প্রবক্তাদের স্থায়ী নিযুক্তির ব্যবস্থা করতে সরকারের কাছে দাবী জানিয়েছে । আজ গৌহাটিতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সংস্থার উপদেষ্টা ডক্টর নেত্রমণি বরুয়া বলেন যে ২০১৭ সালে রাজ্যে নতুন ভাবে স্থাপন করা ১১টি পলিটেকনিকে মেধার ভিত্তিতে অংশকালীন প্রবক্তাদের নিযুক্তি প্রদান করা হয়েছিল । কিন্তু সম্প্রতি আসাম সরকারের ৬৪ জন অংশকালীন প্রবক্তাকে চাকুরী থেকে অব্যাহতি দেওয়ার সিদ্ধান্তকে ডক্টর বরুয়া তীব্র সমালোচনা করেন ।তিনি বলেন যে আসাম মন্ত্রীসভা এই প্রবক্তাদের থ্রী-এফ অধীনিয়মের অধীনে নিযুক্তি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছিল কিন্তু সেই সিদ্ধান্ত বাস্তাবায়িত না করে প্রবক্তাদের চাকুরী থেকে অব্যাহতি দিয়েছে যা কোন ভাবেই গ্রহণযোগ্য নয় ।

------------------------------------------------------------------------------------------------

আগামী তিন মাসের মধ্যে শিলচরে উড়ালপুল নির্মাণের প্রারম্ভিক কাজ শুরু হবে ।রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই ২০২৫-২৬ সালের রাজ্য বাজেট সম্পর্কিত আলোচনার জন্য আজ কাছাড় জেলা বিজেপির কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । শ্রী রাই বলেন --
বাইট

শ্রী রাই এবারের বাজেটকে ঐতিহাসিক বাজেট বলে আখ্যা দিয়ে এই বাজেট রাজ্যের অর্থনৈতিক বিকাশ , পরিকাঠামো উন্নয়ন এবং সামাজিক কল্যাণকে এক নতুন উচ্চতায় পৌছে দেবে বলে আশা প্রকাশ করেন । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার নেতৃত্বে এই বাজেট রাজ্যের যুবসমাজের জন্য কর্মসংস্থান সৃষ্টি, কৃষকদের সহায়তা এবং শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন নিয়ে আসবে বলে শ্রী রাই মন্তব্য করেন ।শ্রী রাই বরাক উপত্যকার উন্নয়নমূলক কিছু কাজের খতিয়ান তুলে ধরে বলেন যে শ্রী কোণায় নির্মীয়মান মিনি সেক্রেটারিয়েটর কাজ আগামী সেপ্টেম্বর - অক্টোবর মাসের মধ্যে শেষ হয়ে বিভাগীয় কাজ শুরু হবার সম্ভাবনা রয়েছে ।তিনি বলেন শিলচরে যে দুটি সেতু নির্মানের কাজের মুখ্যমন্ত্রী ঘোষনা করেছিলেন এর মধ্যে শিলঘাটে সেতু নির্মানের কাজ শুরু হয়েছে । অন্য আরেকটি সেতু যেটি মধুরাঘাটে নির্মান করা হবে এর কাজ ও শীঘ্র

শুরু করা হবে বলে মন্ত্রী জানান ।  সাংবাদিক সম্মেলনে বিজেপির জেলা সভাপতি রুপম সাহা , কনাদ পুরকায়স্থ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই আজ শিলচর মেহেরপুর দূর্গাপল্লীর বিষ্ণুপুরে কেশব স্মারক সংস্কৃতি সুরভী কল্যান কেন্দ্রের  ভিত্তিপ্রস্তর স্থাপন করেন । এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী শ্রী রাই বলেন যে সেবা ভারতীর অধীনে থাকা কেশব স্মারক সংস্কৃতি সুরভী যেভাবে প্রত্যন্ত অঞ্চলে গিয়ে অসুস্থ রোগীদের জন্য কাজ করছে , একে প্রকৃত মানব সেবা বলে তিনি মন্তব্য করেন ।। মন্ত্রী শ্রী রাই আরো জানান যে কেশব স্মারক সংস্কৃতি সমিতির ভবন নির্মানের জন্য রাজ্য সরকার দু কোটী টাকা মঞ্জুর করেছে এবং এই ভবন নির্মানের কাজ শেষ হয়ে গেলে , শিলচর মেডিকেল কলেজ ও কাছাড় ক্যান্সার হাসপাতালে রোগীর সঙ্গে আসা পরিবারের সদস্যরা থাকার সুযোগ পাবেন ।

আজকের  অনুষ্ঠানে রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘের দক্ষিন আসাম প্রান্তের প্রান্ত সংঘ চালক জ্যোৎস্নাময় চক্রবর্তী ,  কেশব স্মারক সংস্কৃতি সুরভীর সভাপতি শুভ্রাংশু শেখর ভট্ট াচার্য্য প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

সামাজিক - সাংস্কৃতিক সংস্থা  রুপমের ৪৪ তম নরেশ চন্দ্র পাল স্মৃতি সর্বভারতীয় বাংলা একাংক নাটক প্রতিযোগীতা আগামী ১৬ মার্চ থেকে শিলচরে শুরু হবে ।এই একাংক নাটক প্রতিযোগীতায় আসাম সহ ত্রিপুরা ও পশ্চিমবংগের মোট ৩২ টি নাট্যদল অংশ গ্রহণ করবে ।আজ নাজিরপট্টিতে সংস্থার কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে রুপমের সাধারণ সম্পাদক নিখিল পাল জানান ১৬ মার্চ বিকেল পাচটায় এই প্রতিযোগীতার উদ্ভোধন করবেন বিশিষ্ট চিকিৎসক ডা: কুমার কান্তি দাস । এই প্রতিযোগীতা প্রতিদিন দুপুর তিনটে থেকে শুরু হবে । শ্রী পাল জানান  --

বাইট

---------------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত সুধেন্দু পাল স্মৃতি বি ডিভিশন ক্রিকেট প্রতিযোগীতার আজকের ফাইনাল খেলায় বিজয়ী সংঘ জয়লাভ করেছে । শিলচর সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় বিজয়ী সংঘ ১০১ রানে সোনাই ক্রীড়া সংস্থাকে পরাজিত করে । টস জিতে প্রথমে

ব্যাট করতে নেমে বিজয়ী সংঘ ৩০ ওভারে ২৭৫ রান সংগ্রহ করে । জবাবে  সোনাই ক্রীড়া সংস্থা ২২ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১৭৪ রান তুলতে সক্ষম হয় ।

---------------------------------------------------------------------------------------

প্রাক্তন প্রয়াত প্রধানমন্ত্রী ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর জন্ম শতবর্ষ উপলক্ষ্যে শ্রীভূমি জেলা বিজেপি কার্য্যলয়ে আজ একটি আলোচনা সভার আয়োজন করা হয় ।জেলা বিজেপির সভাপতি সঞ্জীব বণিকের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় অটল বিহারী বাজপেয়ীর জীবনের বিভিন্ন দিক নিয়ে প্রাক্তন জেলা সভাপতি সুব্রত ভট্টাচার্য্য , শ্রীভূমির পৌর সভাপতি রবীন্দ্র চন্দ্র দেব প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------------